



হামলার প্রতিশোধে মধ্যপ্রাচ্যের মার্কিন ব্যাংকে হামলা: ইরান



ছবি: সংগৃহীত

উপসাগরীয় অঞ্চলের বিভিন্ন মার্কিন ব্যাংক শাখায় হামলা চালানো হয়েছে প্রতিশোধের কারণে। শনিবার ইরানের ইসলামি রেভলুশনারি গার্ড কর্পসের মুখপাত্র সরদার নাইনি জানিয়েছেন, দুটি ইরানি ব্যাংকে যুক্তরাষ্ট্রের হামলার জবাবে এই হামলা চালানো হয়েছে।

তিনি সতর্ক করে বলেছেন, যদি শত্রুপক্ষ একই ধরনের পদক্ষেপ পুনরায় করে, তবে ওই অঞ্চলের সব মার্কিন ব্যাংক তাদের জন্য বৈধ লক্ষ্য হবে।

দুবাই আন্তর্জাতিক ফিন্যান্সিয়াল সেন্টারে পরপর দুই হামলার পর সিটিগ্রুপ ও স্ট্যান্ডার্ড চার্টার্ডের মতো বড় প্রতিষ্ঠানগুলো তাদের কর্মীদের সরিয়ে নেয়া এবং বাসা থেকে কাজ করার নির্দেশ দিয়েছে। একইভাবে, এইচএসবিসি ব্যাংক কাতারে সব শাখা বন্ধ করে এবং কর্মীদের বাসা থেকে কাজের নীতি কার্যকর করেছে।

সূত্র: এএফপি

LENS ASIA